وَقُل رَّبِّ زِدْنِي عِلْمًا

দারুল ইলম অনলাইন
ঘরে বসে দ্বীন শিক্ষা · darulilmonline.com

শিক্ষকদের জন্য

অনলাইন ক্লাস নির্দেশিকা

শিক্ষকদের জন্য — Google Meet-এ ভিডিও ও অডিও ক্লাস, সহজ ধাপে

যা লাগবে

একবার দেখে নিন

- ল্যাপটপ বা স্মার্টফোন
- মাইকসহ হেডফোন (জরুরি)
- নিজের Gmail অ্যাকাউন্ট
- Google Meet অ্যাপ / Chrome
- ইন্টারনেট — ভিডিওতে ৫ Mbps
- শান্ত ঘর, সাদামাটা পেছন

ভিডিও ক্লাস

প্রতিদিন ৬ ধাপ

১ ক্লাসের লিংক (একবারই)

admin আপনার ব্যাচের স্থায়ী Meet লিংক শিক্ষক পোর্টালে বসিয়ে দেবেন। প্রতিদিন এই একই লিংকে ক্লাস।

২ ১০ মিনিট আগে পোর্টালে ঢুকুন

darulilmonline.com/ustad → নম্বর ও গোপন কোড → ব্যাচের পাশে **“ক্লাস শুরু করুন”**।

৩ প্রস্তুত হয়ে ঢুকুন

হেডফোন লাগান, ক্যামেরা ও মাইক দেখে নিন → **Join now**।

৪ শিক্ষার্থী ঢোকান

তালিকার নাম মিললে **Admit**, অচেনা হলে **Deny**। তারপর **Mute all** — সবার মাইক বন্ধ।

৫ পড়ান

Present now দিয়ে বইয়ের PDF দেখান। আগে নিজে পড়ুন, তারপর নাম ধরে একজন একজন করে পড়ান।

৬ হাজিরা দিয়ে শেষ

পোর্টালে হাজিরা দিন → বাড়ির কাজ বলুন → দোয়া → লাল বাটন → **End the call for everyone**।

অডিও ক্লাস

ইন্টারনেট দুর্বল বা মেয়েদের ক্লাসে

১ একই লিংক, ক্যামেরা বন্ধ

পোর্টাল থেকে “ক্লাস শুরু করুন” → ঢোকার আগে ক্যামেরা আইকনে চেপে বন্ধ → Join now।

২ সবার ক্যামেরা বন্ধ

শিক্ষার্থীদের ক্যামেরা বন্ধ রাখতে বলুন; দরকার হলে Host controls → Turn off everyone’s video।

৩ পাতা নম্বর বলে পড়ান

বই দেখাতে চাইলে Present now; না হলে পাতা নম্বর বলুন, সবাই নিজের বই দেখে পড়বে। বাকি সব ভিডিও ক্লাসের মতো।

৪ WhatsApp কল — শুধু জরুরি হলে

admin-এর অনুমতিতে একক শিক্ষার্থীকে ভয়েস কল। শিক্ষার্থীর নম্বর ব্যক্তিগত কাজে রাখা যাবে না।

ক্লাস শেষে ও মাস শেষে

প্রতি ক্লাসের পর

- [ ] হাজিরা পুরোটা দেওয়া হয়েছে
- [ ] পরপর ২ দিন অনুপস্থিত হলে admin-কে জানানো
- [ ] রেকর্ড করলে ফাইল admin-কে পাঠানো
- [ ] পরের ক্লাসের পাঠ ঠিক করা

মাস শেষে — মাসিক রিপোর্ট

শিক্ষক পোর্টাল → প্রতিটি শিক্ষার্থীর পাশে **"রিপোর্ট লিখুন"** → তিনটা কথা লিখে সেভ:

1. এই মাসে কতটুকু এগোল
2. কোথায় কষ্ট হচ্ছে
3. বাসায় কী অনুশীলন করাতে হবে

সেভ করলেই অভিভাবক পোর্টালে দেখা যায়।

আদব ও নিয়ম

- সময়মতো শুরু; দেরি হলে আগে admin ও ব্যাচকে জানান।
- পরিষ্কার পোশাক, ক্লাসের সময় ফোনে অন্য কাজ নয়।
- শিশুদের সাথে নরম ভাষা — ভুল ধরার আগে প্রশংসা।
- বড় মেয়েদের ক্লাসে সম্ভব হলে মহিলা শিক্ষিকা; না হলে অডিও ক্লাস।
- কোনো শিক্ষার্থীর সাথে আলাদা করে ব্যক্তিগত যোগাযোগ নয় — সব admin-এর মাধ্যমে।
- শিশুদের ছবি বা কণ্ঠের রেকর্ডিং কখনো Public করা যাবে না।

সমস্যা হলে

সমস্যা	কী করবেন
শিক্ষার্থী শুনতে পাচ্ছে না	আপনার মাইকে লাল দাগ আছে কি না দেখুন; হেডফোন খুলে আবার লাগান
প্রতিধ্বনি (ইকো)	যে কথা বলছে না তার মাইক বন্ধ; সবাই হেডফোন
ছবি আটকে যাচ্ছে	ক্যামেরা বন্ধ করুন — অডিও ক্লাসে চলে যান
৬০ মিনিটে কেটে গেছে	একই লিংকে আবার ঢুকুন; ক্লাস ৪০–৫০ মিনিটে শেষ করুন
অচেনা কেউ ঢুকতে চাইছে	Deny করুন, admin-কে জানান
পোর্টালে লিংক নেই	admin-কে জানান — ব্যাচে লিংক বসানো হয়নি

শিক্ষক পোর্টাল
darulilmonline.com/ustad

সাহায্য — WhatsApp
01329-173444

ওয়েবসাইট
darulilmonline.com